



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ মার্চ ২০১৯

ইউপিডিএফ-এর বিবৃতি:

বাঘাইছড়িতে নির্বাচন পরিচালনাকারী টিমের ওপর হামলার নিন্দা

গতকাল ১৮ মার্চ ২০১৯ রাঙামাটির বাঘাইছড়িতে নির্বাচন পরিচালনাকারী টিমের ওপর হামলা ও ৭ জন নিহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ মঙ্গলবার (১৯ মার্চ) ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সদস্য সচিব চাকমা স্বাক্ষরিত বিবৃতিতে উদ্বেগ প্রকাশ করে বলা হয়, 'ঘটনাস্থল ইউপিডিএফ সমর্থক অধ্যুষিত হওয়ায় কোনো কোনো সংবাদ মাধ্যম ও এক শ্রেণীর গোয়েন্দাসংস্থা কর্তৃক দলটিকে সন্দেহের তালিকায় যুক্ত করায় ইউপিডিএফ ক্ষোভ প্রকাশ করে অবিবেচনাপ্রসূত মন্তব্য করা থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে'।

বিবৃতিতে প্রশ্ন রেখে বলা হয়, 'উক্ত উপজেলায় ইউপিডিএফ নির্বাচনী প্রক্রিয়ার বাইরে নিষ্ক্রিয় ছিল এবং ইউপিডিএফ'র কোন প্রার্থীও ছিল না, তাহলে ইউপিডিএফ কেন নির্বাচনী টিমের ওপর হামলা করে নিজেদের অহেতুক বিতর্কে জড়াবে'?

বিবৃতিতে হামলার মোটিভ ও যৌক্তিকতা বিচার না করে কেবলমাত্র হীন উদ্দেশ্যে ইউপিডিএফ-এর ওপর দায় না চাপাতে এবং প্রকৃত দোষীদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও সাধারণ জনগণকে হয়রানি না করার আহ্বান জানানো হয়েছে।

বার্তা প্রেরক

সচিব চাকমা
কেন্দ্রীয় সদস্য
ইউপিডিএফ।